

৬ষ্ঠ অধ্যায়(ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম)(মডেল-১৩)

১. শাহ জালাল একাডেমীর শিক্ষকের কাছে গেল একজন ছাত্র DBMS ও RDBMS সম্পর্কে বোঝার জন্য গেল। তিনি DBMS ও RDBMS এর কার্যক্রমকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে, এগুলোর প্রধান কাজ, প্রাথমিক কাজ এবং এগুলোর সুবিধা ও অসুবিধা সম্পর্কে ধারাবাহিকভাবে বুঝিয়ে দিলেন।

ক. রেকর্ড কী?

খ. প্রাইমারী কী এর বৈশিষ্ট্য লিখ।

গ. উদ্দীপকের আলোকে DBMS এর কী কী কাজের কথা বলা হয়েছে তুমি মনে করো-ব্যাখ্যা দাও।

ঘ. উদ্দীপকের আলোকে শিক্ষক RDBMS এর কী কী সুবিধা ও অসুবিধার কথা বলেছেন তুমি মনে করো-তা বিশ্লেষণ কর।

২.

Name	ID	City	Account	Blance
Customer File			Account File	

ক. কর্পোরেট ডেটাবেজ কী?

খ. 'শর্ত সাপেক্ষে ডেটাবেজ থেকে নির্দিষ্ট তথ্য খুঁজে পাওয়া যায়'।-ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে ব্যবহৃত টেবিলদ্বয়ের মধ্যে এনটিটি রিলেশনশীপ মডেল (E.R Model) বাস্তবায়ন করা সম্ভব-ব্যাখ্যা কর।

ঘ. প্রয়োজনীয় ফিল্ড সংযোজনসহ টেবিলদ্বয়ের মধ্যে One to One রিলেশনশীপ তৈরি কর।

৩.

Roll	Name	Age	Addres	GPA
01	Rahman	16	Comilla	4
02	Kamal	18	Dhaka	3.5
03	Rahim	18	Comilla	4.5
04	Jamal	20	Barisal	5
05	Abir	19	Dhaka	2

ক. রেকর্ড কী?

খ. সার্টিং ও ইনডেক্সিং এর মধ্যে পার্থক্য কী?

গ. উদ্দীপকে প্রথম ফিল্ডটির বর্ণনা দাও।

ঘ. উদ্দীপকে উল্লিখিত সারণীকে ডেটাবেজের রূপান্তরে কী কী সুবিধা পাওয়া যাবে বিশ্লেষণ করো।

৪. যশোর সরকারি মহিলা কলেজের একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্তক্রমে ছাত্রীদের তথ্য সংরক্ষণের জন্য একটি ডেটাবেজ তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে ছাত্রীদের Roll, Name, Group, Date of Birth, District, SSC_GPA তথ্য সন্নিবেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ক. প্রাইমারী কী কাকে বলে?

খ. ইনডেক্সিং ও সার্টিং এর মধ্যে পার্থক্য লিখ।

গ. উদ্দীপকের কাজটি তুমি কিভাবে সমাধান করবে? ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকের ডাটাবেজটি এনক্রিপশন করার পদ্ধতি বর্ণনা কর।